

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬০৭

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل)

পরিচ্ছেদঃ ৯) নিদ্রার আগে যে দুআ পড়তে হয় তার প্রতি উৎসাহ দান এবং আল্লাহর যিকির না করে কেউ ঘুমিয়ে পড়লে কি করতে হবে তার বর্ণনা

الترغيب في كلمات يقولهن حين يأوي إلى فراشه وما جاء فيمن نام ولم يذكر الله تعالى

আরবী

(صحيح) و عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: مَنْ قَالَ حِينَ يَأْوِي إِلَى فِرَاشِهِ ، لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ ، لاَ شَرِيكَ لَهُ ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ لاَ حَوْلَ وَلاَ قُوَّةَ إِلَّا بِالله العلي العَظِيْم ، سُبْحَانَ اللهِ وَالحَمدُ لله ، وَلاَ إِلَهَ إِلاَّ اللَّهُ ، وَاللَّهُ أَكْبَرُ ، غُفِرْت ذُنُوبُهُ أو خطاياه وإن كانت مثل زبد البحر. رواه النسائي، وابن حبان في صحيحه واللفظ له

বাংলা

৬০৭. (সহীহ) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ

যে ব্যক্তি শয্যা গ্রহণ পূর্বক এই দু'আটি পাঠ করবেঃ

لا إله إلا الله وَحْدَهُ لاَ شَرِيْكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ، لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ، سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلا إِلَهَ إِلاَ اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ

(লা-ইলা-হা ইল্লাল্লা-হু অহদাহু লা-শারীকা লাহ, লাহুল মুলকু অলাহুল হামদু অহুয়া 'আলা কুল্লি শাইয়িন ৰুদীর। লা- হাউলা অলা- কুউঅতা ইল্লা- বিল্লা-হ। সুবহানাল্লা-হি অল হামদুলিল্লা-হি অলা- ইলা-হা ইল্লাল্লাহু আল্লাহু আকবার।)

''আল্লাহ ছাড়া কোন হক উপাস্য নেই। তিনি এক তাঁর কোন শরীক নেই। তারই জন্য রাজত্ব, তারই জন্য সমস্ত প্রশংসা। তিনি সকল বস্তুর উপর ক্ষমতাবান। আল্লাহর শক্তি ও সামর্থ ছাড়া কোন উপায় নেই। অতি পবিত্র আল্লাহ্ তা'আলা, সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, আল্লাহ্ ছাড়া সত্য কোন উপাস্য নেই, আল্লাহ্ মহান।''



তার গুনাহ সমূহ বা ত্রুটি সমূহ (বর্ণনাকারী মিসআরের সন্দেহ) ক্ষমা করা হবে যদিও উহা সমুদ্রের ফেনা পরিমাণ হয়।"

(নাসাঈ ৮১০ ও ইবনে হিব্বান ৫৫০৩ হাদীছটি বর্ণনা করেছেন। হাদীছের বাক্য ইবনে হিব্বানের)

নাসাঈর বর্ণনায় আছেঃ (সুবহানাল্লাহি ওয়াবি হামদিহি) এবং তার শেষে বলা হয়েছেঃ "তার পাপ রাশী ক্ষমা করা হবে যদিও উহা সমুদ্রের ফেনারাশীর চেয়ে বেশী হয়।"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন